



বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০
ওয়েবঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd



স্মারক নং: পিসিবি/৩৫১৪

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৩ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বিষয়ঃ ৬০-তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের পরীক্ষা গ্রহণ।

সূত্রঃ স্মারক নং-৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২০.১৯৬; তারিখঃ ২৩ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব অনুসরণ করে ৬০-তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের পরীক্ষা গ্রহণের তারিখ আগামী ২৭ আগস্ট ২০২১ তারিখ সকাল ৯:০০ টায় নির্ধারণ করা হয়েছে।

কোভিড-১৯ পরিস্থিতিতে নিম্নলিখিত স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব অনুসরণ করে পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

১. সকল পরীক্ষার্থীকে অবশ্যই স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ এবং পরীক্ষা শেষে অনুরূপভাবে কেন্দ্র হতে বের হতে হবে।
২. পরীক্ষা কেন্দ্রে অবস্থিত সকলকে অবশ্যই ফেইস মাস্ক পরিধান করতে হবে।
৩. পরীক্ষার্থীদের সাথে তাদের অভিভাবক পরীক্ষার কেন্দ্রে আসা থেকে বিরত থাকতে হবে। অনিবার্য কারণে কোন অভিভাবক কেন্দ্রে অবস্থান করলে তাঁকে অবশ্যই স্বাস্থ্যবিধি মানতে হবে এবং কেন্দ্র হতে নির্দিষ্ট দূরে অবস্থান করতে হবে।
৪. তাপমাত্রা পরিমাপক যন্ত্র দ্বারা পরীক্ষার্থীসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলের তাপমাত্রা পরিমাপ করে পরীক্ষা কেন্দ্রের ভিতরে প্রবেশের ব্যবস্থা করতে হবে।
৫. কেন্দ্রের প্রবেশমুখে সাবান দিয়ে হাত ধোওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও জীবানুমুক্তকরণ সামগ্রীর সঠিক প্রয়োগ নিশ্চিত করতে হবে।
৬. কেন্দ্রে অবস্থিত সকলের জন্য নির্ধারিত স্থানে হ্যান্ড স্যানিটাইজার সরবরাহের ব্যবস্থা রাখতে হবে।
৭. জুতাসহ পা জীবানুমুক্ত করার জন্য পরীক্ষা কেন্দ্রের প্রবেশমুখে জীবানুমুক্ত ট্রে রাখতে হবে।
৮. পরীক্ষার্থীদের সংখ্যা বিবেচনায় এবং নিরাপদ দূরত্ব (৩-৬ ফুট) বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে।
৯. স্ব-স্ব কেন্দ্রে স্বাস্থ্যবিধি বিষয়ক নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে বা সকলকে অবহিতকরণের ব্যবস্থা করতে হবে।
১০. সুরক্ষা সামগ্রীগুলো ব্যবহার শেষে ফেলার জন্য একটি নির্দিষ্ট স্থান নির্ধারণ করতে হবে।
১১. কেন্দ্রের প্রধান ফটকে “মাস্ক ব্যতীত প্রবেশ নিষেধ, মাস্ক পরিধান করে পরীক্ষায় অংশ নিন” বার্তা ব্যানারে প্রদর্শন করতে হবে।

 ২৩.০৮.২১

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২০.১৯৬

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮

২৩ আগস্ট ২০২১

বিষয়: ৬০ তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের স্থগিতকৃত পরীক্ষা গ্রহণের অনুমতি।

সূত্র: বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের স্মারক নং- পিসিবি/৩৩৩৫, তারিখ: ১৯/০৮/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব অনুসরণ করে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক পরিচালিত ৬০তম ব্যাচ ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্সের স্থগিতকৃত পরীক্ষা আগামী ২৭ আগস্ট ২০২১ খ্রি. তারিখে গ্রহণের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

মোহাম্মদ

২৩-৮-২০২১

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান

সহকারী সচিব

ফোন: ৯৫৪৫৪৬২ (অফিস)

ইমেইল: drugad1@hsd.gov.bd

জনাব মুহাম্মদ মাহবুবুল হক, সচিব, বাংলাদেশ ফার্মেসী
কাউন্সিল, রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড,
পশ্চিম বাংলামোটর, ঢাকা।

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২০.১৯৬/১(৫১৮)

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮

২৩ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
- ৫) জেলা প্রশাসক (সকল)।
- ৬) মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৯) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) অফিস নথি।

মোহাম্মদ

২৩-৮-২০২১

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান

সহকারী সচিব